

## গঠনতন্ত্র সংশোধন প্রস্তাব ১

ইনিশিয়েটিভিস ফর বাংলাদেশ রিফর্ম রিসার্স-এর অনুচ্ছেদ ১৫ অনুযায়ী আমি মোঃ আবুল কালাম আজাদ, সদস্য নং ০১২ আইবিআরআর-এর একজন সদস্য হিসেবে সংগঠনটিতে অধিকতর গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে এবং সংগঠনকে অধিক গতিশীল করার অভিপ্রায়ে সভাপতি ও সাধারণ সম্পাদকের ক্ষমতা ও দায়িত্বাবলি হ্রাস করে নতুন ২টি পদ সৃষ্টি এবং একটি পদের নাম পরিবর্তনের প্রস্তাব পেশ করছি।

১। গঠনতন্ত্রের তফসিল ৮ সংশোধনপূর্বক নিম্নরূপ দায়িত্বাবলিসহ নিম্নরূপ পদসমূহ সৃষ্টি করা হোক।

পদ	দায়িত্বাবলি
নির্বাহী পরিচালক	<p>১। সংগঠনের মুখপাত্ররূপে সংগঠনের পক্ষ হতে সংগঠনের বাইরের ব্যক্তিগণের সাথে যোগাযোগ, নিমন্ত্রণ প্রদান, বিবৃতি প্রেরণ ও বক্তব্য প্রদান।</p> <p>২। অত্র গঠনতন্ত্র অনুযায়ী সভাপতি, সাধারণ সম্পাদক ও সংগঠন ব্যবস্থাপকের সঙ্গে সর্বসম্মতিক্রমে যৌথ সিদ্ধান্তগ্রহণ। তবে, এরূপ প্রক্রিয়ায় সিদ্ধান্তগ্রহণে সর্বসম্মতি অর্জন সম্ভব না হলে অত্র গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৪ (২) এবং অনুচ্ছেদ ১৮ প্রযুক্ত হবে।</p>

২। গঠনতন্ত্রের তফসিল ৮ সংশোধনপূর্বক সভাপতির দায়িত্ব হইতে নিম্নরূপ দায়িত্ব নিম্নরূপভাবে পরিবর্তন করা হোক।

গঠনতন্ত্রে উল্লেখিত দায়িত্ব	প্রস্তাবিত দায়িত্ব
১। সংগঠনের মুখপাত্র রূপে ভূমিকা ও সার্বিক তত্ত্বাবধান।	১। সংগঠনের অন্যতম মুখপাত্ররূপে ভূমিকা ও তত্ত্বাবধান।
২। রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় বিভিন্ন কর্মক- সংগঠন, সংস্থা, ও প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ।	২। বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা ও সংগঠনের সাথে চুক্তি সম্পাদনে অংশগ্রহণ।
৩। বিভিন্ন অভিযোগ গ্রহণ ও ব্যবস্থাপনা।	৩। বিভিন্ন অভিযোগ নিষ্পত্তিতে সহায়তা।
৪। সংগঠনটি গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না, তাহার তত্ত্বাবধান।	৪। সংগঠনটি গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না, তাহার তত্ত্বাবধান।
৫। সংগঠনটির সামগ্রিক অগ্রগতি পর্যবেক্ষণ ও তাহা অনুযায়ী সাধারণ সম্পাদককে পরামর্শ প্রদান।	

৩। গঠনতন্ত্রের তফসিল ৮ সংশোধনপূর্বক নিম্নরূপ দায়িত্বাবলিসহ নিম্নরূপ পদসমূহ সৃষ্টি করা হোক।

পদ	দায়িত্বাবলি
সাংগাঠনিক ব্যবস্থাপক	১। নতুন সদস্য হিসেবে আগ্রহী ব্যক্তিগণকে সংগঠনের ফরম প্রদান ও ভর্তি প্রক্রিয়ার সার্বিক দায়িত্বের তত্ত্বাবধান। ২। সকল সম্পাদকের সহিত যোগাযোগ, তদারকি, অনুপ্রেরণা ও সহযোগিতা প্রদান। ৩। সভাপতির সাথে পরামর্শপূর্বক নোটিশ প্রস্তুত ও প্রদান। উল্লেখ্য, সংগঠনের পক্ষ হইতে সংগঠনের সদস্যদের উদ্দেশ্যে কোনো নোটিশ ইস্যু করা হলে তাহা সাধারণ সম্পাদক ও সাংগাঠনিক ব্যবস্থাপকের যৌথ স্বাক্ষরে ইস্যু করা হইবে। সংগঠনের সদস্য নয়, এমন ব্যক্তিদের উদ্দেশ্যে সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরে নোটিশ ইস্যু করা হইবে। সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগাঠনিক ব্যবস্থাপক ও নির্বাহী পরিচালকগণের মধ্যে যে কেউ নোটিশগুলো প্রচার করিতে পারিবে।

৪। গঠনতন্ত্রের তফসিল ৮ সংশোধনপূর্বক 'অনুষ্ঠান সম্পাদক' পদটি 'সাংগাঠনিক সম্পাদক' পদরূপে প্রতিস্থাপিত হোক।

৫। গঠনতন্ত্রের ভাষাগত ও বানানগত পরিশুদ্ধির লক্ষ্যে সদস্যগণ কর্তৃক প্রাপ্ত সুপারিশসমূহ গ্রহণ করা হোক।